

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিভাগীয় কার্যালয়, আলমপুর, সিলেট  
বিভাগীয় সদর দপ্তর, ভবন নং-০২ (৩য় তলা)।  
[Web:bkkb.sylhetdiv.gov.bd](http://Web:bkkb.sylhetdiv.gov.bd)

নম্বর: ০৫.৮১.৬০০০.০০১.০১.০২.২১-১০৫

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ  
১৩ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

**দরপত্র বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কর্মচারী চাকরি প্রতিধানমালা-২০২৩, আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেটের জন্য আউটসোর্সিং এর মাধ্যমে নিম্নবর্ণিত সেবা গ্রহণের জন্য আউটসোর্সিং প্রতিষ্ঠানসমূহের নিকট হতে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র/প্রস্তাব আহবান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়সসীমা	যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০১	অফিস সহায়ক	০২ (দুই) টি	এস.এস.সি. পাশ	১৮-৬০ বছর (২৮ মার্চ, ২০২৪ পর্যন্ত)	১। জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে। ২। সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
০২	নিরাপত্তা প্রহরী	০১ (এক) টি	৮ম শ্রেণি পাশ		
০৩	পরিচ্ছন্নতাকর্মী	০১ (এক) টি			

**শর্তাবলী (আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে)।**

- নির্বাচিত জনবল সরবরহকারী প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত সর্বশেষ আউটসোর্সিং বেতন স্কেল অনুযায়ী সর্বসাকুল্য বেতন নির্ধারিত হবে এবং বেতন ভাতা পরিশোধের ক্ষেত্রে সরকারি জারিকৃত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
- জনবল সরবরহকারী প্রতিষ্ঠানকে পদের বিপরীতে প্রার্থীর জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।
- নিয়োজিত কর্মচারীকে ছুটির দিন বা সরকারি অফিস সময়ের পরেও প্রয়োজনে দায়িত্ব পালন করতে হবে/হতে পারে। কোন কর্মচারীর অদক্ষতা ও অবহেলার কারণে অফিসের কোন সুনামহানি/ক্ষতি হলে জনবল সরবরহকারী প্রতিষ্ঠানকে তার দায় গ্রহণ করতে হবে।
- নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনের পরই জনবল সরবরাহের কার্যাদেশ প্রদান করা হবে। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবেন।
- নির্বাচিত/নিয়োগকৃত কর্মচারী দায়িত্ব পালনের ক্ষেত্রে পারদর্শী না হলে অথবা কর্তৃপক্ষ অসন্তুষ্ট থাকলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান নিয়োগকৃত কর্মচারী পরিবর্তন করে নতুন কর্মচারী দিতে বাধ্য থাকবে।
- অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানের নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ২৮/০৩/২০২৪খ্রি. তারিখ দুপুর ১:০০ টার মধ্যে সীল মোহরকৃত খামে বর্ণিত পদের (এক মাসের দর উল্লেখ করে) বিপরীতে চাহিত হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদপত্র ও শনাক্তকরণ নম্বর (TIN), ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র ও অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেটে রক্ষিত বাক্সে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র/ প্রস্তাব দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন (সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে) এবং কর্তৃপক্ষ যে কোনো শর্তাবলী পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।
- দরপত্রের সাথে যেকোনো তফসিলভুক্ত ব্যাংক হতে 'পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট' শিরোনামে টাকা=১০.০০০/- (দশ হাজার) ব্যাংক ড্রাফট জামানত হিসেবে দাখিল করতে হবে।

(মোঃ আজমল হোসেন)

পরিচালক

ফোন: ০২৯৯৬৬৪৩৪৪৭

e-mail: [directorsyl@bkkb.gov.bd](mailto:directorsyl@bkkb.gov.bd)

বিতরণ:

- ১। নোটিশ বোর্ড, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ২। নোটিশ বোর্ড, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৩। নোটিশ বোর্ড, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট।
- ৪। নোটিশ বোর্ড, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ৫। অফিস কপি